

১০/AA
Ammm
৩১/১/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd



নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৩.২১(১৩তম নথি) - ১২১৯৩

তারিখ: ০৬/০৬/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ডেসপ্যাচ রাইডার পদে গত ২৮/০৫/২০২২ তারিখ অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ০৬/০৬/২০২২ তারিখ মোটর সাইকেল চালনার যোগ্যতা যাচাই করা হয়। উক্ত যাচাই পরীক্ষায় নিম্নোক্ত প্রার্থীগণ উত্তীর্ণ হয়েছেন:

পদের নাম : ডেসপ্যাচ রাইডার									
31100001	31100014	31100029	31100033	31100072	31100127	31100128	31100136	31100148	Total = 9

২.০ ডেসপ্যাচ রাইডার পদে ০৬/০৬/২০২২ তারিখ অনুষ্ঠিত মোটর সাইকেল চালনার যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ০৬/০৬/২০২২ তারিখ বেলা ০১.০০ ঘটিকায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তর সম্মেলন কক্ষ, কুর্মিটোলা, ঢাকা অনুষ্ঠিত হবে।

৩.০ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবশ্যিকভাবে (ক) প্রবেশপত্র, (খ) অনলাইন আবেদনের ডাউনলোড কপি, (গ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, (ঘ) একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (ঙ) মূল নাগরিকত্ব সনদপত্র, (চ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন (ছ) মুক্তিযোদ্ধা সনদপত্র এর মূলকপি, (জ) এতিম ও প্রতিবন্ধির মূল সনদপত্র, (ঝ) আনসার ও ভিডিপি'র মূল সনদপত্র এবং (ঞ) উপজাতি কোটা সংক্রান্ত মূল সনদপত্র (হ হতে ঞ এর ক্ষেত্রে প্রযোজ্যতা বিবেচনায়) সঙ্গে আনতে হবে। এছাড়া, নবম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মচারী কর্তৃক সকল প্রকার সনদ/কাগজ-পত্রের সত্যায়িত ১ সেট ফটোকপি (প্রবেশপত্র ও অনলাইন আবেদনের ডাউনলোড কপিসহ) মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে অন্যান্য সনদপত্রের সাথে মোটর সাইকেল চালনার বৈধ লাইসেন্স আবশ্যিকভাবে মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।

৪.০ মৌখিক পরীক্ষার সময় নির্বাচিত প্রার্থীদেরকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময় ও তারিখে কোনো প্রার্থী উপস্থিত না হলে তাকে অনুপস্থিত হিসেবে গণ্য করা হবে।

৫.০ উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ বা অন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।


(মোহাম্মদ নুরুল ইসলাম)

পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন - ৮৯০১৪১৩

বিতরণ:

- ০১। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০২। নোটিশ বোর্ড।